রেজিস্টার্ড নং ডি এ-১ ২০২২ সনের ৩৯ নং

# বাংলাদেশ গেজেট

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বৃহস্পতিবার, সেপ্টেম্বর ২৯, ২০২২**

## সূচিপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৬১৩—৬২০ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১৩৭৭—১৫০৮ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১০০৫—১০২৮ |
| ৭ম খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| **ক্রোড়পত্র—সংখ্যা** | নাই |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারি। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ

জাতীয় রাজস্ব বোর্ড

[কাস্টমস : রপ্তানি ও বন্ড শাখা]

[প্রজ্ঞাপন]

তারিখ : ০৭ আগস্ট ২০২২ খ্রি.

বিষয় : **মুন্সিগঞ্জ, মুক্তারপুরস্থ সামিট এ্যালায়েন্স পোর্ট লিমিটেড Inland Water Container Terminal (IWCT) এ বাল্ক এবং ব্রেক-বাল্ক (নন-কন্টেইনারাইজড) জাতীয় পণ্য হ্যান্ডেলিং (আমদানি ও রপ্তানি) এর অনুমোদন প্রসঙ্গে।**

সূত্র : **১। সামিট এ্যালায়েন্স পোর্ট লিমিটেড থেকে প্রাপ্ত পত্র, তারিখ : ০৬-০৯-২০২১ খ্রি.।**

**২। জাতীয় জাতীয় বোর্ডের কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা এর পত্র নং ০৮.০১.০০০০.৫৬.০৩.০০৩.১৭/২৭৮, তারিখ : ১৮-১০-২০২১ খ্রি.।**

**৩। কাস্টমস আধুনিকায়ন ও প্রকল্প ব্যবস্থাপনা এর পত্র নং-০৮.০১.০০০০.০৬৭.৬৭.০০২.২১/১৪৫, তারিখ : ০৪-০৭-২০২২ খ্রি.।**

নং **৩৯/২০২২/কাস্টমস/৩০২**—উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। সূত্রোক্ত পত্রসমূহ জাতীয় রাজস্ব বোর্ডে পর্যালোচনা করা হয়েছে। পর্যালোচনান্তে, The Customs Act, 1969 এর Section-219(B) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড মুন্সিগঞ্জ এর মুক্তারপুরস্থ সামিট এ্যালায়েন্স পোর্ট লিমিটেড এর Inland Water Container Terminal (IWCT) এ রপ্তানি ও আমদানি পণ্যের কন্টেইনার হ্যান্ডেলিং এর পাশাপাশি নিম্নবর্ণিত শর্ত পরিপালন সাপেক্ষে বাল্ক এবং ব্রেক-বাল্ক (নন-কন্টেইনারাইজড) পণ্যের হ্যান্ডেলিং (আমদানি ও রপ্তানি) এর অনুমতি প্রদান করা হলো, যথা :—

(ক) **অবকাঠামোগত স্থাপনা সংক্রান্ত শর্ত :**

বাল্ক ও ব্রেক-বাল্ক হ্যান্ডেলিং এর কার্যক্রম শুরুর পূর্বে সামিট এ্যালায়েন্স পোর্ট লি: (SAPL) এর Inland Water Container Terminal (IWCT) এর ভিতরে নিম্নলিখিত অবকাঠামো সুবিধাদি স্থাপন কাস্টম হাউস, পানগাঁও নিশ্চিত করবে:

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

১. কন্টেইনার/ভেহিক্যাল স্ক্যানার (কমপক্ষে ১টি) এবং প্যালেট ও অন্যান্য স্ক্যানার (পর্যাপ্ত সংখ্যক) মেশিন স্থাপন করতে হবে;

২. পর্যাপ্ত সংখ্যক স্কেল ও ওয়েব্রিজ স্থাপন করতে হবে;

৩. সিসিটিভি ক্যামেরা, লাইটিং ব্যবস্থা, ফায়ার ফাইটিং ইক্যুইপমেন্টস (প্রয়োজনীয় সংখ্যক) স্থাপন করতে হবে;

৪. নিলামযোগ্য পণ্য সংরক্ষণাগার, ধ্বংসযোগ্য পণ্য সংরক্ষণাগার, পরীক্ষণ ইয়ার্ড, শেড পৃথকভাবে নির্মাণ করতে হবে;

৫. পর্যাপ্ত অগ্নি নির্বাপক ব্যবস্থাপনা স্থাপন নিশ্চিত করতে হবে।

খ. **নিম্নবর্ণিত পণ্যসমূহ আমদানি করা যাবে :**

| |
|---|
| চ্যাপ্টার-১ : জীবিত প্রাণী-সকল এইচ এস কোড |
| চ্যাপ্টার-৫ : অন্যত্র অনুল্লেখিত প্রাণীজ দ্রব্য-সকল এইচ এস কোড |
| চ্যাপ্টার-৬-১৪ : উদ্ভিদ ও উদ্ভিজ পণ্য-সকল এইচ এস কোড |
| চ্যাপ্টার-২৫ : খনিজ পদার্থ-এইচ এস হেডিং ২৫.০১ ব্যতিত অন্য সকল এইচ এস কোড |
| চ্যাপ্টার-২৬-২৭ : খনিজ পদার্থ-সকল এইচ এস কোড |
| চ্যাপ্টার-২৮-২৯ : জৈব ও অজৈব রাসায়নিক পদার্থ-সকল এইচ এস কোড |
| চ্যাপ্টার-৩১ : সার-সকল এইচ এস কোড |
| চ্যাপ্টার-৪১ : কাঁচা চামড়া-সকল এইচ এস কোড |
| চ্যাপ্টার-৪৪ : কাঠ ও কাঠজাত দ্রব্য-হেডিং ৪৪.০১ হতে ৪৪.০৬ পর্যন্ত সকল এইচ এস কোড |
| চ্যাপ্টার-৪৭ : কাগজের মন্ড-সকল এইচ এস কোড |
| চ্যাপ্টার-৫২ : তুলা-এইচ এস কোড ৫২০১.০০.০০, ৫২০৩.০০.০০ |
| চ্যাপ্টার-৭২: লোহা ও ইস্পাদ-হেডিং ৭২.০১ হতে ৭২.০৫ পর্যন্ত সকল এইচ এস কোড |

গ. জাতীয় রাজস্ব বোর্ডের আদেশ নং-৬৯/২০২০/কাস্টমস/২৬২, তারিখ : ২৫ নভেম্বর, ২০২০ খ্রি. তে বর্ণিত প্রযোজ্য সকল শর্তাদি পরিপালন করতে হবে;

ঘ. Inland Water Container Terminal (IWCT) নীতিমালা, ২০১৫ এর অপরাপর সকল শর্ত পরিপালন করতে হবে;

ঙ. এছাড়া অন্য কোনো দপ্তরের বিধি-বিধান পরিপালনের বাধ্যবাধকতা থাকলে তা SAPL কে পরিপালন করতে হবে;

চ. এ আদেশ প্রাপ্তির ০৬ (ছয়) মাসের মধ্যে উপ-অনুচ্ছেদ(ক) এ উল্লিখিত অবকাঠামোগত সুবিধাদি স্থাপন সম্পন্ন করতে হবে এবং কমিশনার, কাস্টমস হাউস, পানগাঁও উক্ত IWCT পরিদর্শন করে জাতীয় রাজস্ব বোর্ডে প্রতিবেদন দাখিল করবেন।

৩। উপর্যুক্ত শর্তাদি যথাযথভাবে পরিপালন করতে হবে, ব্যর্থতায় আইনানুগ কার্যক্রম গ্রহণ করা হবে।

৪। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো এবং অবিলম্বে তা কার্যকর হবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**মোঃ মশিয়ার রহমান মন্ডল**
দ্বিতীয় সচিব (কাস্টমস : রপ্তানি ও বন্ড)।

---

## সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
## সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
## তদন্ত ও শৃঙ্খলা শাখা

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ১৩ শ্রাবণ ১৪২৯/২৮ জুলাই ২০২২

নং **৩৫.০০.০০০০.০২৮.২৭.০০৯.২১-২১৫**—যেহেতু, জনাব মোহাম্মদ হায়দার কামরুজ্জামান {(বর্তমানে ট্রান্সপোর্ট ইঞ্জিনিয়ার, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ)} নির্বাহী প্রকৌশলী (চঃদাঃ), বরগুনা সড়ক বিভাগের আওতায় বাস্তবায়িত 'চরখালী-তুষখালী-মঠবাড়িয়া-পাথরঘাটা সড়ক উন্নয়ন ও প্রশস্তকরণ' শীর্ষক প্রকল্পে কর্মরত ছিল;

এবং

যেহেতু, উক্ত প্রকল্পের ডিজাইন প্রণয়নের সময় অপরিহার্য কিছু অঙ্গ/কাজ যেমন DBS Base Course, রিজিড পেভমেন্ট, RCC ড্রেন নির্মাণ, রক্ষাপ্রদ কাজ, প্যালাসাইডিং, বাঁক প্রশস্তকরণ ইত্যাদি অন্তর্ভুক্ত না করেই ত্রুটিপূর্ণ ডিজাইন প্রণয়ন করার সাথে তার সংশ্লিষ্টতা ছিল;

এবং

যেহেতু, প্রকল্পটির বাস্তবায়ন কার্যক্রম পানি উন্নয়ন বোর্ড (পাউবো) কর্তৃক অধিগ্রহণকৃত ভূমিতে বেড়িবাঁধের উপর নির্মিত হবে জেনেও ডিপিপি প্রণয়নকালে/সম্ভাব্যতা সমীক্ষার সময় পানি উন্নয়ন বোর্ড হতে এ বিষয়ে অনাপত্তি না নিয়ে ত্রুটিপূর্ণ ডিপিপি প্রণয়ন এবং প্রকল্প অনুমোদনের প্রায় ১ বছর পর পাউবো হতে অনাপত্তি গ্রহণের উদ্যোগ না নেয়ার কাজে তার সংশ্লিষ্টতা ছিল;

এবং

যেহেতু, প্রকল্পের প্রশাসনিক আদেশ জারির পর ইঞ্জিনিয়ার্স ইস্টিমেট অনুমোদন ও টেন্ডার আহ্বানের ক্ষেত্রে তিনি গড়ে মোট ০২ (দুই) মাস সময় ব্যয় করেছেন;

এবং

যেহেতু, প্রকল্পটির ০৫টি প্যাকেজের মধ্যে ০৪টি প্যাকেজের কার্যাদেশ প্রকল্প অনুমোদনের প্রায় ০৭ (সাত) মাস বিলম্বে এবং ১টি প্যাকেজের কার্যাদেশ ১২ (বারো) মাস বিলম্বে প্রদান করা হয়েছে। অর্থাৎ প্রকল্পের সবকটি প্যাকেজের মেয়াদ নির্ধারিত সময় অতিক্রান্তের পর বিলম্বে শুরু করা হয়েছে;

এবং

যেহেতু, প্যাকেজসমূহের মেয়াদ বৃদ্ধি সত্ত্বেও ৪টি প্যাকেজের গড় ভৌত অগ্রগতি ৯২.৫০% এবং ১টি প্যাকেজের ভৌত অগ্রগতি মাত্র ৩৬%। অর্থাৎ দীর্ঘ সময় অতিবাহিত হওয়ার পরও প্যাকেজ ৫ এর নিম্ন অগ্রগতি (Low Progress) পরিলক্ষিত হয়েছে;

এবং

যেহেতু, তিনি নির্বাহী প্রকৌশলী (চঃদাঃ) হিসেবে প্রকল্পের কাজের ঘনঘন মেয়াদ বৃদ্ধি, প্রকল্পের ধীর অগ্রগতি এবং দায়িত্বপ্রাপ্ত ঠিকাদার কর্তৃক কর্মপরিকল্পনা (Work Plan) অনুযায়ী কর্ম আদায়ের নিমিত্ত তদারকি না করে দায়িত্ব এড়িয়ে চলেছেন;

এবং

যেহেতু, তার উক্তরূপ কার্যকলাপ চাকুরী শৃঙ্খলার পরিপন্থি এবং অসদাচরণের পরিচায়ক বিধায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(খ) বিধি অনুযায়ী "অসদাচরণ" (Misconduct) এর অভিযোগে অভিযুক্ত করে বিভাগীয় মামলা (মামলা নং ০৪/২০২১) রুজু করা হয়;

এবং

যেহেতু, উক্তরূপ কার্যকলাপের কারণে কেন তাকে একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি মোতাবেক চাকুরী থেকে বরখাস্ত করা হবে না বা অন্য কোনো শাস্তি প্রদান করা হবে না তার লিখিত জবাব নোটিশ প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়। তিনি ব্যক্তিগত শুনানীর মাধ্যমে কিছু জ্ঞাত করতে চান কি-না বা তার বক্তব্যের সমর্থনে কোনো সাক্ষ্য প্রমাণ উপস্থাপন করতে চান কি-না তাও লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়;

এবং

যেহেতু, তিনি গত ১৮-০৩-২০২১ তারিখে রুজুকৃত বিভাগীয় মামলার জবাব পেশ করেন এবং ব্যক্তিগত শুনানীর ইচ্ছা পোষণ করেন। সে প্রেক্ষিতে গত ০৯-০৯-২০২১ তারিখে তার ব্যক্তিগত শুনানী অনুষ্ঠিত হয়। লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানীকালে প্রদত্ত বক্তব্য পর্যালোচনায় অভিযোগটি তদন্তের প্রয়োজন অনুভূত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(২)(ঘ) মোতাবেক বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য এ বিভাগের যুগ্মসচিব, জনাব মোঃ আনিসুর রহমান-কে গত ২৭-০২-২০২২ তারিখে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

এবং

যেহেতু, তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদনে জনাব মোহাম্মদ হায়দার কামরুজ্জামান, নির্বাহী প্রকৌশলী (চঃদাঃ), (বর্তমানে ট্রান্সপোর্ট ইঞ্জিনিয়ার, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী আনীত 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি মর্মে উল্লেখপূর্বক গত ২৯-০৬-২০২২ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন;

সেহেতু, এক্ষণে, জনাব মোহাম্মদ হায়দার কামরুজ্জামান (পরিচিতি নং ৬০২১৮২), ট্রান্সপোর্ট ইঞ্জিনিয়ার, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ) (প্রাক্তন নির্বাহী প্রকৌশলী, সওজ, সড়ক বিভাগ, বরগুনা) এর বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধিমতে 'অসদাচরণ' (Misconduct) এর অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলার (নম্বর ০৪/২০২১) দায় হতে তাকে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ১২ শ্রাবণ ১৪২৯/২৭ জুলাই ২০২২

নং **৩৫.০০.০০০০.০২৮.২৭.০২৮.২১-২২৩**—যেহেতু, জনাব সাইফুল আরিফ খান (পরিচিতি নং-৬০২২৮৫), উপ-বিভাগীয় প্রকৌশলী (সওজ), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সৃষ্ট সংরক্ষিত (সিভিল) পদ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা একটানা ৬০ দিনের উর্ধ্বে কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত থাকায় গত ১০-১১-২০২১ তারিখে তাকে চাকুরী হতে সাময়িক বরখাস্ত করা হয়। পরবর্তীতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(খ) ও ২(চ) বিধি অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগে তার বিরুদ্ধে ২০/২০২১ নম্বর বিভাগীয় মামলা রুজু এবং অভিযোগনামা ও অভিযোগ বিবরণী গঠনপূর্বক জারি করা হয়।

যেহেতু, অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর সংশ্লিষ্ট বিধি অনুযায়ী কেন তার বিরুদ্ধে যথোপযুক্ত শাস্তির ব্যবস্থা গ্রহণ করা হবে না এর জবাব লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়। তাছাড়া ব্যক্তিগতভাবে শুনানীর ইচ্ছা পোষণ করেন কি-না তাও লিখিতভাবে জানানোর জন্য বলা হয়। তিনি নির্ধারিত সময়ের মধ্যে কোনো জবাব প্রেরণ করেননি বা ব্যক্তিগত শুনানী প্রদানের ইচ্ছা পোষণ করেননি।

যেহেতু, তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার অভিযোগ তদন্ত করার জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(৩) বিধি মোতাবেক এ বিভাগের সিনিয়র সহকারী সচিব, জনাব আব্দুল্লাহ-আল-মাসুদ কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা গত ১৪-০৩-২০২২ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদনে জনাব সাইফুল আরিফ খান (পরিচিতি নং-৬০২২৮৫), উপ-বিভাগীয় প্রকৌশলী (সওজ) এর বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করা হয়।

যেহেতু, জনাব সাইফুল আরিফ খান (পরিচিতি নং-৬০২২৮৫), উপ-বিভাগীয় প্রকৌশলী (সওজ) এর নিকট অভিযোগনামা, অভিযোগ বিবরণী এবং তদন্ত প্রতিবেদনের কপি প্রেরণপূর্বক তার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর দায়ে কেন তাকে গুরুদণ্ড প্রদান করা হবে না মর্মে একই বিধিমালার ৭(৯) বিধি অনুযায়ী দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রদানপূর্বক ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে জবাব দাখিলের জন্য নির্দেশ প্রদান করা হয়। কিন্তু নির্ধারিত ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে তিনি জবাব দাখিল করেননি। এ পরিপ্রেক্ষিতে তার বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(গ) অনুযায়ী গুরুদণ্ড তথা "চাকুরী হইতে অপসারণ" এর সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

যেহেতু, তার নিকট থেকে নির্ধারিত সময়ে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশের জবাব পাওয়া যায়নি এবং তার বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে দোষী সাব্যস্ত করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও

আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(গ) অনুযায়ী গুরুদণ্ড "চাকুরী হইতে অপসারণ" এর সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং এতদবিষয়ে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এর মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক জনাব মোঃ সাইফুল আরিফ খান (পরিচিতি নং-৬০২২৮৫), উপ-বিভাগীয় প্রকৌশলী (সওজ), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সৃষ্ট সংরক্ষিত (সিভিল) পদ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা-কে "চাকুরী হইতে অপসারণ" এর সিদ্ধান্তের সাথে ১৯-০৬-২০২২ তারিখের ৮০.০০.০০০০.১১৩.৩৪.০০৯.২২-৩৬ নং স্মারকে একমত পোষণ করে;

যেহেতু, জনাব মোঃ সাইফুল আরিফ খান (পরিচিতি নং-৬০২২৮৫), উপ-বিভাগীয় প্রকৌশলী (সওজ), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সৃষ্ট সংরক্ষিত (সিভিল) পদ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(গ) অনুযায়ী "চাকুরী হইতে অপসারণ" গুরুদণ্ড আরোপের বিষয়টির সার-সংক্ষেপ মহামান্য রাষ্ট্রপতি সমীপে প্রেরণ করা হলে তিনি সানুগ্রহ অনুমোদন করেন;

সেহেতু, এক্ষণে, জনাব মোঃ সাইফুল আরিফ খান (পরিচিতি নং-৬০২২৮৫), উপ-বিভাগীয় প্রকৌশলী (সওজ), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সৃষ্ট সংরক্ষিত (সিভিল) পদ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(গ) মোতাবেক "চাকুরী হইতে অপসারণ" গুরুদণ্ডে দণ্ডিত করা হলো।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ গত ২১-০১-২০২১ তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ বি এম আমিন উল্লাহ নুরী**
সচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৬**

**আদেশাবলী**

তারিখ : ০২ শ্রাবণ, ১৪২৯ ব:/১৭ জুলাই, ২০২২ খ্রি.

নং **আর-৬/৭এন-৬৬/২০২২-৩৭৪**—The Notaries Ordinance, 1961 (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ০৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য এডভোকেট জনাব মোহাম্মদ ইকবাল হোসেন, পিতা-মোঃ সাহেব আলী-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে, এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগ দান করা হইল :

(ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্ততঃ তিন মাস পূর্বে, তিনি উল্লিখিত অধ্যাদেশ এর ৫(২) ধারার অধীনে আবেদনপত্র পেশ করিবেন;

(খ) The Notaries Rules, 1964-এর ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরে নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ : ০৪ শ্রাবণ, ১৪২৯ বঙ্গাব্দ/১৯ জুলাই, ২০২২ খ্রি.

নং **আর-৬/৭এন-৫০/২০২২-৩৯৪**—The Notaries Ordinance, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ০৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে সিলেট জেলা আইনজীবী সমিতির সদস্য এডভোকেট জনাব মোহাম্মদ নূরুল আহমদ, পিতা-মোহাম্মদ আবু নছর-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে, এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগ দান করা হইল :

(ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্ততঃ তিন মাস পূর্বে, তিনি উল্লিখিত অধ্যাদেশ এর ৫(২) ধারার অধীনে আবেদনপত্র পেশ করিবেন;

(খ) The Notaries Rules, 1964-এর ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরে নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

নং **আর-৬/৭এন-৬৫/২০২২-৩৯৫**—The Notaries Ordinance, 1961 (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ০৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য এডভোকেট জনাব মোহাম্মদ ইদ্রিস আলী, পিতা-মৃত তালেব আলী হাওলাদার-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে, এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগ দান করা হইল :

(ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্ততঃ তিন মাস পূর্বে, তিনি উল্লিখিত অধ্যাদেশ এর ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন;

(খ) The Notaries Rules, 1964-এর ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরে নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

নং **আর-৬/৭এন-৭৪/২০২২-৩৯৬**—The Notaries Ordinance, 1961 (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ০৩ ধারায় অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য এডভোকেট জনাব মোঃ জসীম উদ্দীন, পিতা-ইব্রাহিম ব্যাপরী-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে, এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগ দান করা হইল :

(ক) যদি তিনি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে চান, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হওয়ার অন্ততঃ তিন মাস পূর্বে, তিনি উল্লিখিত অধ্যাদেশ এর ৫(২) ধারার অধীনে আবেদন পত্র পেশ করিবেন;

(খ) The Notaries Rules, 1964-এর ১৯ নং ফরমে তিনি প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু সালেহ্ মোঃ সালাহউদ্দিন খাঁ**
উপসচিব (রেজিস্ট্রেশন)।

---

**বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়**
**সিএ-২ অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২০ শ্রাবণ ১৪২৯ বঃ/০৪ আগস্ট ২০২২ খ্রিঃ

নং **৩০.০০.০০০০.০১৪.১৮.০০১.২০২২-২১৩**—জনস্বার্থে অর্থ মন্ত্রণালয়ের গত ১২-০৫-২০২২ তারিখের ০৭.১৫৬.০২৬.০০.০১. ২০০৪(অংশ-২)-৪০৩ নং স্মারকে জারীকৃত পরিপত্র প্রতিপালনের নিমিত্ত কাতার (দোহা) এবং যুক্তরাজ্যে (লন্ডন) বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ এর Boeing 787-8/9 (GEnx), Boeing 777-300ER (GE90) এবং Boeing 737-6/7/8/900 (CFM56) উড়োজাহাজের Line Maintenance সম্পন্ন করার নিমিত্ত “Qatar Airways” এর অনুকূলে বেসামরিক বিমান চলাচল আইন, ২০১৭ এর ধারা ৪৪(১) এর বিধান অনুযায়ী CAR-1984, Rule-190(5) এর অব্যাহতি (Exemption) প্রদান করা হলো।

নং **৩০.০০.০০০০.০১৪.১৮.০০১.২০২২-২১৪**—জনস্বার্থে অর্থ মন্ত্রণালয়ের গত ১২-০৫-২০২২ তারিখের ০৭.১৫৬.০২৬.০০.০১. ২০০৪(অংশ-২)-৪০৩ নং স্মারকে জারীকৃত পরিপত্র প্রতিপালনের নিমিত্ত সিঙ্গাপুরে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ এর Boeing 787-8/9 (GEnx), Boeing 777-300ER (GE90) এবং Boeing 737-6/7/8/900 (GFM56) উড়োজাহাজের Line Maintenance সম্পন্ন করার নিমিত্ত “SIA Engineering Company Limited” এর অনুকূলে বেসামরিক বিমান চলাচল আইন, ২০১৭ এর ধারা ৪৪(১) এর বিধান অনুযায়ী CAR-1984, Rule-190(5) এর অব্যাহতি (Exemption) প্রদান করা হলো।

নং **৩০.০০.০০০০.০১৪.১৮.০০১.২০২২-২১৫**—জনস্বার্থে অর্থ মন্ত্রণালয়ের গত ১২-০৫-২০২২ তারিখের ০৭.১৫৬.০২৬.০০.০১. ২০০৪(অংশ-২)-৪০৩ নং স্মারকে জারীকৃত পরিপত্র প্রতিপালনের নিমিত্ত মালয়েশিয়ায় বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ এর Boeing 777-300ER (GE90) এবং Boeing 737-6/7/8/900 (CFM56) উড়োজাহাজের Line Maintenance সম্পন্ন করার নিমিত্ত “Malaysia Airlines Berhad” এর অনুকূলে বেসামরিক বিমান চলাচল আইন, ২০১৭ এর ধারা ৪৪(১) এর বিধান অনুযায়ী CAR-1984, Rule-190(5) এর অব্যাহতি (Exemption) প্রদান করা হলো।

নং **৩০.০০.০০০০.০১৪.১৮.০০১.২০২২-২১৬**—জনস্বার্থে অর্থ মন্ত্রণালয়ের গত ১২-০৫-২০২২ তারিখের ০৭.১৫৬.০২৬.০০.০১. ২০০৪(অংশ-২)-৪০৩ নং স্মারকে জারীকৃত পরিপত্র প্রতিপালনের নিমিত্ত মালয়েশিয়া, সৌদি আরব এবং থাইল্যান্ডে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ এর Boeing 787-8/9 (GEnx), Boeing 777-300ER (GE90) এবং Boeing 737-6/7/8/900 (CFM56), উড়োজাহাজের Line Maintenance সম্পন্ন করার নিমিত্ত “KLM Engineering & Maintenance.” এর অনুকূলে বেসামরিক বিমান চলাচল আইন, ২০১৭ এর ধারা ৪৪(১) এর বিধান অনুযায়ী CAR-1984, Rule-190(5) এর অব্যাহতি (Exemption) প্রদান করা হলো।

নং **৩০.০০.০০০০.০১৪.১৮.০০১.২০২২-২১৭**—জনস্বার্থে অর্থ মন্ত্রণালয়ের গত ১২-০৫-২০২২ তারিখের ০৭.১৫৬.০২৬.০০. ০১.২০০৪(অংশ-২)-৪০৩ নং স্মারকে জারীকৃত পরিপত্র প্রতিপালনের নিমিত্ত ভারতে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ এর Boeing 737-6/7/8/900 (CFM56) উড়োজাহাজের Line Maintenance সম্পন্ন করার নিমিত্ত “Air India Engineering Services Limited” এর অনুকূলে বেসামরিক বিমান চলাচল আইন, ২০১৭ এর ধারা ৪৪(১) এর বিধান অনুযায়ী CAR-1984, Rule-190(5) এর অব্যাহতি (Exemption) প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রোকসিন্দা ফারহানা**
উপসচিব।

---

**শিল্প মন্ত্রণালয়**
**পরিকল্পনা-১ অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ১৯ শ্রাবণ ১৪২৯ ব./০৩ আগস্ট ২০২২ খ্রি.

নং **৩৬.০০.০০০০.০৮১.১৪.০০৭.২২-১৫৫**—শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন বিসিআইসি কর্তৃক বাস্তবায়নাধীন ‘ইউরিয়া ফরমালডিহাইড-৮৫ (ইউএফ-৮৫) প্ল্যান্ট স্থাপন’-শীর্ষক প্রকল্পটি সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে নিম্নরূপ Project Implementation Committee (PIC) গঠন করা হলো :

**প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) :**

| সভাপতি | |
|---|---|
| (১) | চেয়ারম্যান, বিসিআইসি |

| সদস্যবৃন্দ | |
|---|---|
| (২) | যুগ্মসচিব, পরিকল্পনা অনুবিভাগ, শিল্প মন্ত্রণালয় |
| (৩) | অর্থ বিভাগ-এর প্রতিনিধি |
| (৪) | বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়-এর প্রতিনিধি। |
| (৫) | শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন-এর প্রতিনিধি। |
| (৬) | কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন-এর প্রতিনিধি |
| (৭) | সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন-এর প্রতিনিধি। |
| (৮) | এনইসিএর-একনেক অনুবিভাগ-প্রতিনিধি |
| (৯) | উপসচিব/সি. সহ. সচিব (পরি-১), শিল্প মন্ত্রণালয় |
| (১০) | পরিচালক (পরি. ও বাস্ত.), বিসিআইসি |
| (১১) | উর্ধ্বতন মহাব্যবস্থাপক, প্রকল্প বাস্তবায়ন বিভাগ, বিসিআইসি। |
| (১২) | প্রকল্প পরিচালক, 'ইউরিয়া ফরমালডিহাইড-৮৫ (ইউএফ-৮৫) প্ল্যান্ট স্থাপন'-শীর্ষক প্রকল্প। |
| সদস্য-সচিব | |
| (১৩) | ডেস্ক কর্মকর্তা, প্রকল্প বাস্তবায়ন বিভাগ, বিসিআইসি |

**কমিটির কার্যপরিধি :**

* প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি (আর্থিক ও বাস্তব) বিস্তারিত পর্যালোচনা;
* প্রকল্প বাস্তবায়নে সমস্যা/চ্যালেঞ্জ থাকলে তা উত্তরণের উপায় সম্পর্কে পরামর্শ/সুপারিশ প্রদান;
* নিয়মিতভাবে ৩ (তিন) মাস অন্তর প্রকল্প বাস্তবায়ন কমিটির (পিআইসি) সভা অনুষ্ঠিত হবে;
* প্রকল্প বাস্তবায়ন পর্যায়ে কোনো বিষয়ে কোনো মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার সম্পৃক্ততা প্রয়োজন হলে পিআইসি'র সভায় সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার উপযুক্ত প্রতিনিধিকে বিশেষভাবে আমন্ত্রণ জানানো যেতে পারে; এবং
* কমিটি প্রয়োজনে কোনো মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার উপযুক্ত প্রতিনিধি সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে।

নং **৩৬.০০.০০০০.০৮১.১৪.০০৭.২২-১৫৬**—শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন বিসিআইসি কর্তৃক বাস্তবায়নাধীন 'ইউরিয়া ফরমালডিহাইড-৮৫ (ইউএফ-৮৫) প্ল্যান্ট স্থাপন'-শীর্ষক প্রকল্পটি সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে নিম্নরূপ প্রকল্প স্টিয়ারিং কমিটি গঠন করা হলো :

**প্রকল্পের স্টিয়ারিং কমিটি (পিএসসি) :**

| সভাপতি | |
|---|---|
| (১) | সচিব, শিল্প মন্ত্রণালয় |
| সদস্যবৃন্দ | |
| (২) | চেয়ারম্যান, বিসিআইসি |
| (৩) | অতিরিক্ত সচিব, (পরিকল্পনা), শিল্প মন্ত্রণালয় |
| (৪) | অতিরিক্ত সচিব, (রাষ্ট্রায়ত্ত কর্পোরেশন), শিল্প মন্ত্রণালয়। |
| (৫) | যুগ্ম সচিব (পরিকল্পনা), শিল্প মন্ত্রণালয় |
| (৬) | বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ-এর প্রতিনিধি। |
| (৭) | শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন-এর প্রতিনিধি। |
| (৮) | কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন-এর প্রতিনিধি |
| (৯) | সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন-এর প্রতিনিধি। |
| (১০) | এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ-এর প্রতিনিধি |
| (১১) | অর্থ বিভাগের প্রতিনিধি |
| (১২) | পরিচালক ((পরিকল্পনা ও বাস্তবায়ন), বিসিআইসি |
| (১৩) | উর্ধ্বতন মহাব্যবস্থাপক, প্রকল্প বাস্তবায়ন বিভাগ, বিসিআইসি |
| (১৪) | প্রকল্প পরিচালক, 'ইউনিয়া ফরমালডিহাইড-৮৫ (ইউএফ-৮৫) প্ল্যান্ট স্থাপন'-শীর্ষক প্রকল্প। |
| সদস্য-সচিব | |
| (১৫) | উপসচিব/সি. সহ. সচিব, পরি-১ শাখা, শিল্প মন্ত্রণালয়। |

**কমিটির কার্যপরিধি :**

* প্রকল্পের সামগ্রিক বাস্তবায়ন অগ্রগতি (আর্থিক ও বাস্তব) পর্যালোচনা এবং বাস্তবায়ন ত্বরান্বিত করার জন্য প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান;
* প্রকল্প বাস্তবায়ন পর্যায়ে উদ্ভূত সমস্যা/চ্যালেঞ্জ উত্তরণের জন্য নীতিগত দিক-নির্দেশনা প্রদান;
* ৩ (তিন) মাসে অন্যূন একবার প্রকল্প স্টিয়ারিং কমিটির (পিএসসি) সভা অনুষ্ঠিত হবে;
* প্রকল্প বাস্তবায়ন পর্যায়ে কোনো বিষয়ে কোনো মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার সম্পৃক্ততা প্রয়োজন হলে পিএসসি'র সভায় সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার উপযুক্ত প্রতিনিধিকে বিশেষভাবে আমন্ত্রণ জানানো যেতে পারে; এবং
* কমিটি প্রয়োজনে কোনো মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার উপযুক্ত প্রতিনিধি সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সঞ্জয় কুমার ঘোষ**
সিনিয়র সহকারী সচিব।

**সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৭ শ্রাবণ ১৪২৯/০১ আগস্ট ২০২২

নং **৪৩.০০.০০০০.১১৪.০১৬.১৫১.২২-৪১৩**—১৯৬৮ ইং সালের (১৪ নং আইন) (১৯৭৬ সালে সংশোধিত) পুরাকীর্তি আইনের ১০ নং ধারার (১) উপ-ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক নিম্ন তফসিলভুক্ত প্রত্নসম্পদ "সংরক্ষিত প্রত্নসম্পদ" বলিয়া ঘোষণা করা হইল :

| ক্রমিক | প্রত্নসম্পদের অবস্থান ও পরিচিতি | প্রত্নসম্পদের ভূমির বিবরণ | | | জমির পরিমাণ (একরে) | চৌহদ্দী | মালিকানা | প্রত্নতত্ত্ব অধিদপ্তরের নিকট মালিকানা হস্তান্তরে সম্মত কিনা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মৌজা | খতিয়ান নং (এস.এ) | দাগ নং (এস.এ) | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১. | গিলাবাড়ি ঐতিহাসিক প্রাচীন মসজিদ<br>গ্রাম : গিলাবাড়ি<br>ইউনিয়ন : সাপ্টিবাড়ি<br>উপজেলা/থানা : আদিতমারি<br>জেলা : লালমনিরহাট। | সাপ্টিবাড়ি | ৫০৯ | ৪৬ | ০.০৭ | পূর্ব : চলাচলের রাস্তা<br>পশ্চিম : এরশাদ আলম<br>উত্তর : আব্দুল হামিদ<br>দক্ষিণ : আবদুল্লাহ আল মাহমুদ | ফজলার রহমান গং পিং হায়দার আলী | সংরক্ষণ ও সংস্কারে কোনো আপত্তি নাই। মালিকানা হস্তান্তরে সম্মত। | সংস্কারে আমাদের কোনো আপত্তি নাই মর্মে মুসল্লিগণের পক্ষে জনাব মোঃ সফিকুল আলম জানান। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মোখলেছুর রহমান আকন্দ**
উপসচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**জননিরাপত্তা বিভাগ**
**আইন-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ১৭ শ্রাবণ ১৪২৯/০১ আগস্ট ২০২২

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৫.২১-৯১৮**—বান্দরবান পার্বত্য জেলার নাইক্ষ্যংছড়ি থানার মামলা নং-০৭, তারিখ : ১৫-০৯-২০২১ খ্রিঃ-এ ঘটনাস্থলে হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৬/৭/১২/১৪ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থ আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Stanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৫.২১-৯১৯**—কক্সবাজার জেলার উখিয়া থানার মামলা নং-৬৪, তারিখ : ২০-০৫-২০২১ খ্রিঃ-এ ঘটনাস্থাল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৮/৯(৩)/১০/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থ আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Stanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৫.২১-৯২০**—রাজশাহী জেলার পুটিয়া থানার মামলা নং-২২, তারিখ : ২৮-০৮-২০২০ খ্রিঃ-এ ঘটনাস্থলে হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৮/৯/১০/১২/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থ আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Stanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৫.২১-৯২১**—গাজীপুর জেলার শ্রীপুর থানার মামলা নং-৫৭, তারিখ : ১৫-০৫-২০১৯-এ ঘটনাস্থলে হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৬(২)(আ)(ঈ)/৭/৮/৯/১০/১২/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থ আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Stanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০২৯.২২-৭২৪**—নারায়ণগঞ্জ জেলার ফতুল্লা থানার মামলা নং-২৬, তারিখ : ১৩-১০-২০১৯-এ ঘটনাস্থলে হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৬(২)/৮/৯/১০/১১/১২/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থ আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Stanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০২৯.২২-৭২৫**—ঢাকা জেলার দারুস সালাম থানার মামলা নং-২৭(০১)২০২১-এ ঘটনাস্থলে হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৮/৯/১০ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থ আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Stanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০২৯.২২-৭২৬**—ঢাকা জেলার বাড্ডা থানার মামলা নং-৬০(১২)২০১৯-এ ঘটনাস্থলে হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৬(২)/৭/৮/৯/১০/১১/১২/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থ আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Stanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০২৯.২২-৭২৭**—ঢাকা জেলার রূপনগর থানার মামলা নং-২৩(০৭)২০১৯-এ ঘটনাস্থলে হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৬(২)(উ)/৭/৮/৯/১০/১২/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থ আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Stanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০২৯.২২-৭২৮**—ঢাকা জেলার শেরেবাংলা নগর থানার মামলা নং-৩৫(০৮)২০২১-এ ঘটনাস্থলে হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৮/৯ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থ আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Stanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০২৯.২২-৭২৯**—ঢাকা জেলার ভাটারা থানার মামলা নং-১১(১১)২০১৬-এ ঘটনাস্থলে হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৮/৯/১২/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থ আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}-এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Stanction) জ্ঞাপন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মফিজুল ইসলাম**
সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৩**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৩ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ/১৮ সেপ্টেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ

**নং ১০.০০.০০০০.১২৭.১২.০০১.২২.৫১৭**—বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে সরকার বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (কর্মস্থল নির্ধারণ, পদোন্নতি, ছুটি মঞ্জুরী, নিয়ন্ত্রণ, শৃঙ্খলা-বিধান এবং চাকুরীর অন্যান্য শর্তাবলী) বিধিমালা, ২০০৭ এর বিধি ৪(৪) এর আলোকে সিনিয়র সহকারী জজ/সমপর্যায়ের বিচারক এর পদ হইতে যুগ্ম জেলা ও দায়রা জজ/সমপর্যায়ের বিচারক পদে পদোন্নতির প্রয়োজনীয় যোগ্যতা পরবর্তী ১(এক) বছরের জন্য জনস্বার্থে শিথিলক্রমে সিনিয়র সহকারী জজ/সমপর্যায়ের বিচারক পদে ০৬ (ছয়) মাসের অভিজ্ঞতাসহ মোট ৭(সাত) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা নির্ধারণ করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শেখ গোলাম মাহবুব**
উপসচিব (প্রশাসন-১)।